অদ্য ২৮/০৭/২০১৩ ইং তারিখে ৩নং ফারুয়া ইউনিয়ন পরিষদে সকাল ১০.০০ ঘটিকার সময় মাসিক সভা আহবান এবং গঠন করার লক্ষ্যে অত্র ইউনিয়নের চেয়ারম্যান বাবু তেজেন্দ্র লাল তঞ্চঙ্গ্যার সভাপতিত্বে এক মাসিক সভা আহবান করা হয়। উক্ত সভায় নিম্ন বর্ণিত সদস্য/সদস্যাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিসেস চিংকোয়াইউ মার্মা | ১,২,৩ নং মহিলা সদস্যা | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস সুমিতা দেবী তঞ্চঙ্গ্যা | ৪,৫,৬ নং মহিলা সদস্যা | স্বাক্ষরিত |
| ০৩ | মিসেস নাউচা মার্মা | ৭,৮,৯ নং মহিলা সদস্যা | স্বাক্ষরিত |
| ০৪ | বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা | ১ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | বাবু সোনালাল তঞ্চঙ্গ্যা | ২ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | বাবু স্নেহ কুমার তঞ্চঙ্গ্যা | ৩ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | বাবু রত্নাকর তঞ্চঙ্গ্যা | ৪ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | বাবু সুব্রত তঞ্চঙ্গ্যা | ৫ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | বাবু জীবন বিকাশ তঞ্চঙ্গ্যা | ৬ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | বাবু দিলীপ কুমার তঞ্চঙ্গ্যা | ৭ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | বাবু সুবানন্দ তঞ্চঙ্গ্যা | ৮ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | বাবু আতোমং মার্মা | ৯ নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মিসেস ননি বালা তঞ্চঙ্গ্যা | পরিবার পরিকল্পনা কর্মী | স্বাক্ষরিত |
| ১৪ | মিসেস রিনা তঞ্চঙ্গ্যা | ” | স্বাক্ষরিত |
| ১৫ | বাবু ভূবন জয় তঞ্চঙ্গ্যা | স্বাস্থ্য সহকারী | স্বাক্ষরিত |
| ১৬ | বাবু সাধন বিকাশ চাকমা | সহ-স্বাস্থ্য পরিদর্শক | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব তপন কান্তি বিশ্বাস | পরিবার পরিকল্পনা পরিদর্শক | স্বাক্ষরিত |
| ১৮ | মিসেস হোসনে আরা বেগম | সিনিয়র পাড়া কর্মী | স্বাক্ষরিত |
| ১৯ | মিসেস বাগান পুরি তঞ্চঙ্গ্যা | গৃহিনী | স্বাক্ষরিত |
| ২০ | বাবু বঙ্কিম তঞ্চঙ্গ্যা | রাজনৈতিক | স্বাক্ষরিত |
| ২১ | বাবু প্রিয় রঞ্জন তঞ্চঙ্গ্যা | হেডম্যান | স্বাক্ষরিত |
| ২২ | বাবু রতন তঞ্চঙ্গ্যা | কার্বারী | স্বাক্ষরিত |
| ২৩ | বাবু সমূল্য তঞ্চঙ্গ্যা | হেডম্যান | স্বাক্ষরিত |
| ২৪ | বাবু বিদ্যালাল তঞ্চঙ্গ্যা | সভাপতি ফারুয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | স্বাক্ষরিত |
| ২৫ | ভদন্ত ধর্মানন্দ থের | অধ্যক্ষ, গোয়াইনছড়ি বৌদ্ধ বিহার | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়ঃ

০১. UDCC কমিটি গঠন।
০২. চেয়ারম্যান প্যানেল গঠন।
০৩. ঈদ উপলক্ষে ভিজিএফ তালিকা প্রনয়ন।
০৪. আইন শৃঙ্খলা পরিস্থিতি।
০৫. ওয়েব পোর্টাল ।
০৬. অডিট পেশ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সভাকে স্বাগত জানাইয়া সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্য বিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় ইহা ছাড় করণ করা হয়। সভাপতি সাহেব অত্র ইউনিয়নের উন্নয়ন ও সমস্যা তুলে ধরার উপর ভিত্তি করে সভার কাজ শুরু করেন।

০১ নং আলাচনাঃ- সভায় UDCC কমিটি গঠনের লক্ষ্যে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাবু জীবন বিকাশ তঞ্চঙ্গ্যা, ৬নং ওয়ার্ড সদস্য শুভেচ্ছা বক্তব্য পাঠ করেন। তার বক্তব্যে তিনি বলেন যে, তিনি UDCC কমিটি সম্পর্কে বা এর কার্যকলাপ সম্পর্কে তেমন জানেন না। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করার জন্য UnDF এবংUzDF কে অনুরোধ করেন।
UzDF বাবু অচ্ছ কুমার তঞ্চঙ্গ্যা তার বক্তব্যে তুলে ধরেন যে, UDCC কমিটি হচ্ছেসরকার ঘোষিত একটি উন্নয়ন সমন্বয় কমিটি যা বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রনালয়ের পরিপত্র অনুযায়ী ঘোষিত একটি কমিটি। অতপর তিনি পরিপত্রটি সভায় পাঠ করে শুনান। এবং এ কমিটির কার্যকলাপ কি কি হবে তার বিস্তারিত বর্ননা করেন। অতঃপর সভায় সভাপতি মহোদয় UNFC কমিটি আনুষ্ঠানিক ভাবে বিলুপ্ত ঘোষনা করেন এবং UDCC কমিটি গঠনের জন্য সভায় প্রস্তাব রাখে।

উপস্থিত সভা থেকে সভাপতিক মহোদয়ের প্রস্তাবের উপর ভিত্তি করে সকলের সম্মতিতে নিম্ন বর্ণিত সদস্য/সদস্যাদের নিয়ে UDCC কমিটি গঠন করা হয়।

ইউডিসিসি কমিটিঃ

| | | |
|---|---|---|
| (১) বাবু তেজেন্দ্রলাল তনচংগ্যা | চেয়ারম্যান ৩নং ফারুয়া ইউপি | সভাপতি |
| (২) বাবু উজ্জ্বল তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |

| | | |
|---|---|---|
| (৩) বাবু সোনালাল তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৪) বাবু স্নেহ কুমার তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৫) বাবু জীবন বিকাশ তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৬) বাবু শুভ্রত তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৭) বাবু রত্মাকর তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৮) বাবু দীলিপ তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (৯) বাবু শুভানন্দ তনচংগ্যা | ইউপি সদস্য | সদস্য |
| (১০) বাবু আতোমং মার্মা | ইউপি সদস্য | সদস্য |
| (১১) মিজ সুমিতা দেবী তনচংগ্যা | ইউপি নারী সদস্যা | সদস্য |
| (১২) মিজ নাউচা মার্মা | ইউপি নারী সদস্যা | সদস্য |
| (১৩) মিজ চিংখোয়াই উ মার্মা | ইউপি নারী সদস্যা | সদস্য |
| (১৪) বাবু বিদ্যালাল তনচংগ্যা | মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির প্রতিনিধি | সদস্য |
| (১৫) বাবঃ প্রিয় রনজন তনচংগ্যা | প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির প্রতিনিধি | সদস্য |
| (১৬) বাবু উজ্জল তনচংগ্যা | সমাজ সংগঠন প্রতিনিধি | সদস্য |
| (১৭) বাবু মদিনা তনচংগ্যা | ব্যবসায়ী প্রতিনিধি | সদস্য |
| (১৮) শ্রীমৎ ধর্মানন্দ ভিক্ষু | ধর্মীয় প্রতিনিধি | সদস্য |
| (১৯) মিজ হোসনে আরা হিরা | এনজিও প্রতিনিধি | সদস্য |
| (২০) মিজ বাগান পুরী তনচংগ্যা | নারী প্রতিনিধি | সদস্য |
| (২১) মিজ মল্লিকা রানী তনচংগ্যা | নারী প্রতিনিধি | সদস্য |
| (২২) বাবু সমূল্য তনচংগ্যা | হেডম্যান প্রতিনিধি | সদস্য |
| (২৩) বাবু কংস মার্মা | কার্বারী প্রতিনিধি | সদস্য |
| (২৪) উপসহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বিলাইছড়ি | | সদস্য |
| (২৫) সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বিলাইছড়ি | | সদস্য |
| (২৬) উপ-সহকারী কৃষি সম্প্রসারন কর্মকর্তা কৃষি সম্প্রসারন অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (২৭) ভেটেরেনারী ফিল্ড এ্যাসিসট্যান্ড প্রানী সম্পদ অধিদপ্তর, বিলাইছড়ি। | | সদস্য |
| (২৮) ভেটেরেনারী ফিল্ড এ্যাসিসট্যান্ড(কৃত্রিম প্রজনন)প্রানী সম্পদ অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (২৯) উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা ,স্বাস্থ্য অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩০) স্বাস্থ্যপরিদর্শক ,স্বাস্থ্য অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩১) সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩২) পরিবার কল্যাণ পরিদর্শক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৩) পরিবার কল্যান সহকারী , পরিবার পরিকল্পনা অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৪) ইউনিয়ন সমাজকর্মী, সমাজসেবা অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৫) ইউনিয়ন দলনেতা, আনসার ভিডিপি ফারুয়া বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৬) টিউব ওয়েল মেকানিক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৭) কমিউনিটি অর্গানাইজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৮) মাঠ সংগঠক, বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড বিলাইছড়ি। | | সদস্য |
| (৩৯) বাবু সিদ্বার্থ তনচংগ্যা | ইউপি সচিব | সদস্য সচিব। |

উপরোক্ত কমিটিতে মৎস্য, কাজী, UDO বিলাইছড়ি উপজেলায় কোন পদ না থাকায় উক্ত পদ সমূহ কমিটি থেকে বাদ দেওয়া হয়। এবং উপরোক্ত কমিটি সকলের সম্মতিক্রমে অত্র সভায় অনুমোদন দেওয়া হয়।

০২নং আলোচনাঃ- সভায় সভাপতি মহোদয় উপস্থিত সভাকে জানান যে, অত্র ইউনিয়নে নির্বাচিত সদস্য/সদস্যাদের মধ্য থেকে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি চেটয়ারম্যান প্যানেল কমিটি গঠন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে নির্দেশ রয়েছে। এ উদ্দেশ্যে অত্র ইউনিয়নে নির্বাচনের প্রতিদন্দিতার জন্য ইউনিয়ন পরিষদে নির্বাচিত সদস্য-সদস্যাদেরকে আহবান করা হয়। কিন্তু নির্বাচনে নিম্মোক্ত ৩(তিন) জন ব্যতিত কেউ আর প্রতিদন্ডি হয়নি। তাই নিম্মোক্ত ৩ জনকে বিন প্রতিদন্ডিতায় নির্বাচিত ঘোষণা করে চেয়ারম্যান প্যানেল গঠন করা হয়। নির্বাচিত চেয়ারম্যান প্যানেলের চেয়ারম্যানগণের নামের তালিকা নিন্রূপ-

০১. মিসেস চিংকোয়াইউ মার্মা, ১,২,৩নং মহিলা সদস্য
০২. বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা, ৫নং ওয়ার্ড সদস্য
০৩. বাবু দিলীপ কুমার তঞ্চঙ্গ্যা, ৭নং ওয়ার্ড সদস্য

উপরোক্ত চেয়ারম্যান প্যানেলে নির্বাচিত চেয়ারম্যানদের নাম সভাপতি মহোদয় উপস্থিত সভায় ঘোষণা করায় উপস্থিত সভা করতালির মাধ্যমে স্বাগত জানান। এবং উক্ত চেয়ারম্যান প্যানেল উক্ত সভায় অনুমোদন দেওয়া হয়।

৩নং আলোচনাঃ- সভাপতি মহোদয় উপস্থিত সভাকে আরো জানান যে, প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র ঈদ উপলক্ষে ভিজিএফ প্রতি পরিবারকে ১০(দশ) কেজি হারে ১৬০০ পরিবারের জন্য বরাদ্দ এসেছে। এজন্য ভিজিএফ তালিকা তৈরির জন্য নির্দেশ রয়েছে। এ প্রেক্ষিতে প্রতিটি ওয়ার্ড মেম্বারকে যতদ্র‍ুত সম্ভব ভিজিএফের জন্য তালিকা প্রস্তুত করে অত্র ইউনিয়নে জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। অতপর জনসংখ্যা অনুপাতে ভিজিএফ এর সংখ্যা প্রত্যেক ওয়ার্ডে বন্টন করা হয়।

০৪নং আলোচনাঃ- আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা করা হয়। কোথাও কোন আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে কিনা সভাপতি মহোদয় জানতে চাইলে উপস্থিত সভা জানান যে, আইন শৃঙখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। অতপর সভাপতি মহোদয় এ ধারা অব্যাহত রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

০৫নং আলোচনাঃ- সভায় ওয়েব পোর্টাল নিয়ে আলোচনা করা হয়। সভাপতি মহোদয় জানান যে, ওয়েব পোর্টাল হচ্ছে বর্তমান সরকারের একটি মহৎ উদ্যোগ, এর মাধ্যমে পৃথিবীর মানুষ জেলা, উপজেলা এমনকি বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের কার্যকলাপ সম্পর্কে সহজে জানতে পারবে। ফলে আগের মত আর কোন তথ্যের জন্য অফিসে অফিসে ঘুড়তে হবেনা। এবং এই পোর্টালে ফারু‍য়া ইউপির পোর্টালকে সুন্দর করার জন্য সকলের কাছে সহযোগীতা কামনা করেন।

০৬ নং আলোচনাঃ- সভায় ২০১১-২০১২ অর্থ বছরের অডিট পেশ নিয়ে আলোচনা করা হয়। সভাপতি মহোদয় সভাকে অবহিত করে যে, ২০১১-২০১২ অর্থ বছরের অডিট করার জন্য শফিক বসাক এন্ড কোং থেকে দায়িত্ব প্রাপ্ত অডিট দল এসেছেন। অডিটটর গণ অত্র ইউনিয়নের কার্যক্রমে সন্তুষ্ঠি প্রকাশ করেছেন। এ ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি মহোদয় অত্র ইউনিয়নের সকল সদস্য-সদস্যা এবং কর্মচারীদের প্রতি অনুরোধ জানান।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সভাকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

( তেজেন্দ্র লাল তঞ্চঙ্গ্যা)
চেয়ারম্যান
৩নং ফারু‍য়া ইউনিয়ন পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।